610

ভোরের কাগজ

তারিখ ··· JAN. 12 1999 ··· ···
পৃষ্ঠা ... কলাম ...

### ঢা.বির সিন্ডিকেট সভায় তদন্ত রিপোর্ট উপস্থাপন

# অভিযুক্ত শিক্ষকের অভিযোগ প্রমাণে তদন্ত কমিটি গঠন

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** ঢাকা বিশ্ববিদ্যালয়ে আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের শিক্ষক অধ্যাপক শাহীদুজ্জামানের বিরুদ্ধে ছাত্রীর সঙ্গে অশোভন আচরণের অভিযোগ প্রমাণের জন্য ৫ সদস্যের একটি কমিটি করা হয়েছে। গতকাল সোমবার অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সভায় এই কমিটি গঠন করা হয়। ইতিপূর্বে তথ্যানুসন্ধানের জন্য গঠিত তদন্ত কমিটির রিপোর্টে উক্ত শিক্ষকের বিরুদ্ধে ছাত্রীর সঙ্গে অশোভন আচরণের অভিযোগ প্রতিষ্ঠিত হওয়ার পরিপ্রেক্ষিতে সিন্ডিকেট এই কমিটি গঠনের সিদ্ধান্ত নেয়। আলোচ্য কমিটি অভিযুক্ত শিক্ষককে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়ে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের সুপারিশ করবে। সিন্ডিকেট সভায় বিশ্ববিদ্যালয়ের প্রক্টোরিয়াল বিধিকে যুগোপযোগী করার জন্য আরো একটি কমিটি গঠন করা হয়।

বিশ্ববিদ্যালয়ের দুজন ছাত্রী কর্তৃক অধ্যাপক শাহীদুজ্জামানের বিরুদ্ধে আনীত অশালীন প্রস্তাবের অভিযোগ তদন্ত করে দেখার জন্য কমিটি'র রিপোর্ট গতকাল সিন্ডিকেট সভায় উপস্থাপন করা হয়। তদন্ত কমিটির ৭ পৃষ্ঠার এ রিপোর্টে দুজন ছাত্রীর আনা অশোভন আচরণের অভিযোগ সত্য বলে প্রতিষ্ঠিত হওয়ায় সিন্ডিকেট তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছে। এ সুপারিশের ভিত্তিতে নৈতিক স্খলনের জন্য অধ্যাপক শাহীদুজ্জামানকে 'কেন চাকরি থেকে বরখাস্ত করা হবে না'-এ মর্মে কারণদর্শাও নোটিশ দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

উল্লেখ্য, অধ্যাপক শাহীদুজ্জামানের বিরুদ্ধে লোক প্রশাসন বিভাগের একজন ছাত্রীর অভিযোগ তদন্ত করার সময় কমিটির কাছে আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অপর এক ছাত্রী একই অভিযোগ করে। ঐ দুজন ছাত্রী এবং আরো ২৬ জনের সাক্ষ্যের ভিত্তিতে অভিযুক্ত শিক্ষকের বিরুদ্ধে আনীত অভিযোগ সত্য বলে প্রতিষ্ঠিত হয়।

অধ্যাপক শাহীদুজ্জামানের বিরুদ্ধে 'প্রতিষ্ঠিত' অভিযোগ প্রমাণ এবং শাস্তিমূলক ব্যবস্থা সুপারিশের জন্য সিন্ডিকেটের গঠন করা ৫ সদস্যের কমিটির আহ্বায়ক ব্যারিস্টার শওকত আলী।

● এরপর— পৃষ্ঠা ২

### ঢা.বির সিন্ডিকেট সভা

● প্রথম পাতার পর

কমিটির অন্য সদস্যরা হচ্ছেন : সিন্ডিকেট সদস্য এডভোকেট সৈয়দ আহমদ, কাজী আফরোজ জাহান আরা, মোঃ মহব্বত আলী এবং অভিযুক্ত শিক্ষক কর্তৃক মনোনীত একজন ব্যক্তি অথবা অভিযুক্ত শিক্ষক নিজেই। শাস্তি প্রদান সম্পর্কে এ কমিটির সুপারিশ বাস্তবায়নের জন্য প্রয়োজনে তিন সদস্যের একটি ট্রাইব্যুনাল গঠন করা হতে পারে।

এদিকে, বিশ্ববিদ্যালয়ের প্রক্টোরিয়াল বিধি সংশোধনের জন্য গতকালের সিন্ডিকেট সভায় অধ্যাপক মমিন চৌধুরীকে আহ্বায়ক করে ৬ সদস্যের একটি কমিটি করা হয়েছে। কমিটির অন্য সদস্যরা হচ্ছেন : অধ্যাপক কাজী শহীদুল্লাহ, অধ্যাপক ইউসুফ হায়দার, ড. সহিদ আখতার হুসাইন, অধ্যাপক মাহমুদা ইসলাম ও বিশ্ববিদ্যালয়ের প্রক্টোর অধ্যাপক এ কে এম নুর উন নবী।

যৌন নিপীড়নবিরোধী ছাত্রছাত্রীরা বলেছে, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ছাত্রী নিপীড়নের ঘটনাকে 'অশিক্ষক সুলভ', 'অশোভন', 'নৈতিকতাবিরোধী' আচরণ ইত্যাদি বলে আখ্যায়িত করে প্রকৃত ঘটনাকে আড়াল করার চেষ্টা চালাচ্ছেন।

এদিকে, গণতান্ত্রিক ছাত্র ঐক্য এবং ছাত্র ফেডারেশন, ছাত্র ঐক্য ফোরাম, বিপ্লবী ছাত্র মৈত্রী, জাতীয় ছাত্রদল গতকাল অনুষ্ঠিত সিন্ডিকেট সভা ঘেরাও করেছে। ঘেরাওয়ের সময় অনুষ্ঠিত এক সংক্ষিপ্ত সমাবেশে বক্তারা বলেন, অভিযুক্ত শিক্ষককে শাস্তি দেওয়া না হলে তারা রাজপথের আন্দোলনের মাধ্যমে দাবি আদায় করবে।